


# বাংলাদেশ নৌবাহিনী

## নাবিক, মহিলা নাবিক ও এমওডিসি (নৌ) ভর্তি এ-২০২২ ব্যাচ

(তরুণদের জীবন গঠনের এবং দেশ সেবার সুবর্ণ সুযোগ! আপনিও এ সুযোগ গ্রহণ করুন)

**শুধুমাত্র অনলাইনে আবেদন প্রযোজ্য**

### ১। উপযুক্ততা।

| শাখার নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) (পুরুষ) | এসএসসি/সমমান, বিজ্ঞান বিভাগে জিপিএ ৩.৫০ (ন্যূনতম)। এসএসসি পরীক্ষায় উচ্চতর গণিতধারী প্রার্থী এবং বিএন ডকইয়ার্ড কো-অপারেটিভ সোসাইটি টেকনিক্যাল ইন্সটিটিউট হতে ন্যূনতম 'এ' গ্রেড প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| মেডিকেল (পুরুষ ও মহিলা) | জীব বিজ্ঞানসহ এসএসসি (বিজ্ঞান)/সমমান - জিপিএ ৩.৫০ (ন্যূনতম)। |
| পেট্রোলম্যান, কুক, স্টুয়ার্ড ও এমওডিসি (নৌ) (পুরুষ) রাইটার ও স্টোর (পুরুষ ও মহিলা) | পেট্রোলম্যান, রাইটার, স্টোর ও এমওডিসি (নৌ) এর ক্ষেত্রে এসএসসি/সমমান - জিপিএ ৩.০০ (ন্যূনতম)। কুক ও স্টুয়ার্ড এর ক্ষেত্রে এসএসসি/সমমান - জিপিএ ২.৫০ (ন্যূনতম)। |
| টোপাস (পুরুষ) | ৮ম শ্রেণি পাস। |

### ২। শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।

| শাখা | উচ্চতা | বুকের মাপ | ওজন | চোখের দৃষ্টি |
|---|---|---|---|---|
| সিম্যান (পুরুষ) | ১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬") | পুরুষ : ৭৬-৮১ সেঃমিঃ (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সেঃমিঃ (২") মহিলা : ৭১-৭৬ সেঃমিঃ (২৮"-৩০") সম্প্রসারণ ৫ সেঃমিঃ (২") | বয়স ও উচ্চতা অনুযায়ী | ৬/৬ |
| পেট্রোলম্যান (পুরুষ) | ১৭২.৫ সেঃমিঃ (৫'-৮") | | | |
| অন্যান্য শাখা (কমিউনিকেশন, টেকনিক্যাল, মেডিকেল, রাইটার, স্টোর, কুক, স্টুয়ার্ড ও টোপাস) | পুরুষ - ১৬২.৫ সেঃমিঃ (৫'-৪") মহিলা - ১৫৭.৪৮ সেঃমিঃ (৫'-২") | | | |
| এমওডিসি (নৌ) (পুরুষ) | ১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬") | | | |

### ৩। অন্যান্য শর্তাবলী (সকল পদবীর জন্য)।

ক। বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক খ। সাঁতার জানা অত্যাবশ্যক গ। অবিবাহিত (তালাকপ্রাপ্ত নয়) ঘ। বয়স ঃ ০১ জানুয়ারি ২০২২ তারিখে (১) নাবিক ও মহিলা নাবিক ঃ ১৭ থেকে ২০ বছর (২) এমওডিসি (নৌ) ঃ ১৭ থেকে ২২ বছর। বয়সের এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

### ৪। অযোগ্যতা।

ক। বাংলাদেশ বা অন্য কোন দেশে প্রচলিত বলবৎযোগ্য কোন আইন ও বিধির অধীনে গ্রেফতার, দোষী সাব্যস্ত, বন্দী, আটক অথবা কোন মামলায় অভিযুক্ত হয়ে কোন বিচারালয়ে বিচারাধীন থাকলে। খ। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকুরি থেকে অপসারিত/বহিস্কৃত হলে।

### ৫। প্রয়োজনীয় সনদপত্রের বিস্তারিত বিবরণ।

ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(১) এসএসসি পাস প্রার্থীদের মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র, মূল মার্কশিট/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, মূল রেজিস্ট্রেশন কার্ড এবং এডমিট কার্ড। কোন কারণে যারা মূল/সাময়িক সনদপত্র দিতে অপারগ হবে, তারা ভর্তি হওয়ার সময় সত্যায়িত কপি জমা দিলে চলবে। **তবে খুলনাস্থ প্রশিক্ষণ কেন্দ্রে (বিএনএস তিতুমীর) যোগদানের সময় অবশ্যই মূলকপি জমা দিতে হবে।**

(২) ৮ম শ্রেণি পাস প্রার্থীদের স্কুল হতে পাসকৃত সনদপত্র ও পরীক্ষার মার্কশিট জমা দিতে হবে।

খ। জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনারের নিকট হতে গৃহীত জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র (বৈবাহিক মর্যাদা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)।

গ। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র। ১ম শ্রেণির গেজেটেড অফিসার/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার কর্তৃক প্রার্থীর জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং পিতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঘ। অভিভাবকের সম্মতিপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

ঙ। ছবি। সদ্য তোলা পাসপোর্ট আকারের প্রার্থীর নিজের ১৫ কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি রঙিন ছবি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

### ৬। আবেদনপত্র সংগ্রহ ও পূরণ।

অনলাইন আবেদন পদ্ধতি। Sailor পদে আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এ Apply Now/ Check Now এ ক্লিক করে প্রথমেই প্রার্থীকে ওয়েব সাইটে Sign Up/Sign In করে প্রাক্‌যোগ্যতা যাচাইকরতঃ নাবিক, মহিলা নাবিক ও এমওডিসি (নৌ) এর শাখা ভিত্তিক Job Description (দায়িত্ব ও কর্তব্য) জেনে Apply Now বাটনে ক্লিক করতে হবে। এরপর প্রার্থীকে ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে হবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমনঃ Visa, Master Card, American Express, Nexus) এবং মোবাইল ব্যাংকিং (যেমনঃ বিকাশ, নগদ, রকেট, t-cash, শিওরক্যাশ, এমক্যাশ, মাইক্যাশ, ওয়ানক্যাশ, ইজিক্যাশ, কিউক্যাশ) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতিত ২০০/০০ (টাকা দুইশত) টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। পেমেন্ট Successfully Complete হওয়ার পর নির্দেশনা অনুসরণকরতঃ সঠিক তথ্য দিয়ে Online আবেদন ফরমটি পূরণ করতে হবে। পূরণকৃত ফরমটি সঠিক আছে কিনা পুনরায় যাচাই করে সকল তথ্য সঠিক থাকলে 'জমা দিন' বাটনে ক্লিক করে 'নাবিক-১' ফরমটি ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে এই বিজ্ঞাপনে প্রদত্ত তারিখ ও সময় অনুযায়ী নির্দিষ্ট কেন্দ্রে নির্দিষ্ট সময়ে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে। যদি কোন প্রার্থী উক্ত আবেদন পত্রটি ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে ওয়েব সাইটে পুনরায় Sign In করে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

### ৭। ভর্তি পদ্ধতি।

অনলাইনে আবেদনকারীগণ পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লেখিত সকল সার্টিফিকেট/কাগজপত্রসহ নিজ জেলার ভর্তি কেন্দ্রে নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। প্রার্থীর সকল কাগজপত্র সঠিক পাওয়া গেলে প্রথমে তার প্রাথমিক নির্বাচন করা হবে। প্রাথমিক ভাবে নির্বাচিতগণের ইংরেজি, বাংলা, গণিত, বিজ্ঞান এবং সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে তাকে নাবিক হিসেবে ভর্তি করা হবে।

### ৮। চাকুরির সুবিধাদি।

ক। বেতন ও ভাতাদি। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য। (১) বিনামূল্যে পোষাক, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) হ্রাসকৃত মূল্যে পরিবারের জন্য রেশন ক্রয়ের সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্র্যাচুইটির সুবিধা। (৪) চাকুরিকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকুরিকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবীভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশী পোর্টে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ন ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ। (৯) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (১০) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

### ৯। বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীগণকে রিক্রুটিং টিম কর্তৃক নির্দেশিত তারিখে (পরিবর্তনযোগ্য) বিএনএস তিতুমীর, খুলনায় যোগদান করতে হবে। খ। কৃতি খেলোয়াড়দের জন্য সার্বিক শর্তাবলী শিথিলযোগ্য। গ। ক্ষুদ্রজাতি গোষ্ঠীর ক্ষেত্রে সকল শাখার জন্য উচ্চতা ১৬২.৫ সেঃমিঃ (৫'-৪") গ্রহণযোগ্য। ঘ। জেলাকোটা ভিত্তিক নাবিক ভর্তি করা হবে। ঙ। কোন ভর্তি কেন্দ্রে ঐ কেন্দ্রের জন্য নির্ধারিত জেলার বাহিরের লোক ভর্তি করা হবে না। তবে কোন জেলায় উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে উক্ত জেলার কোটায় বৃহত্তর জেলার উপযুক্ত প্রার্থী ভর্তি করা হবে। চ। নাবিক ভর্তির লক্ষ্যে ভূমিহীন নাবিকদের মধ্যে যারা ভাড়া বাসায় সরকারি খাস জমির উপর নির্মিত বসৎবাড়ীতে বসবাস করে তাদের সংশ্লিষ্ট প্রশাসন (উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর) হতে ভূমিহীন হিসেবে প্রত্যয়নপত্র নিতে হবে। ছ। **মিথ্যা তথ্য প্রদান ও ঠিকানা জালিয়াতি করে কেউ ভর্তি হলে তার বিরুদ্ধে নৌবাহিনীর আইন মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।** জ। মুক্তিযোদ্ধার সন্তান/তৃতীয় প্রজন্ম ও নৌকমান্ডোগণের সন্তান/পোষ্যগণ, আনসার/ভিডিপি এবং ক্ষুদ্রজাতি গোষ্ঠীর প্রার্থী প্রয়োজনীয় উপযুক্ততা অর্জন করলে সরকার কর্তৃক নির্ধারিত যথাক্রমে ৩০%, ১০% এবং ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক পিতা/পিতামহের মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত ফটোকপি/আনসার অথবা ভিডিপিতে চাকুরির সনদের সত্যায়িত ফটোকপি প্রয়োজন হবে। ঝ। নৌবাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত/মৃত সামরিক/বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের প্রয়োজনীয় উপযুক্ততা সাপেক্ষে নির্ধারিত ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে কর্মরতদের ক্ষেত্রে অধিনায়ক/উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ নৌবাহিনী পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং অবসরপ্রাপ্ত ও মৃতদের ক্ষেত্রে ছবিসহ পেনশন বই এর ফটোকপি উপস্থাপন করতে হবে। ঞ। ভর্তি কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যেকোন ধরনের ইলেকট্রনিক গেজেট আনা যাবে না। ট। অধিক শিক্ষাগত যোগ্যতার যেকোন প্রার্থীগণকে ভর্তি করা যাবে, ভর্তিকালীন সময়ে অধিক শিক্ষাগতা যোগ্যতার সনদ সঙ্গে নিয়ে আসতে হবে। তবে তারা এজন্য কোন অতিরিক্ত সুযোগ-সুবিধা পাবেন না। ঠ। নিজ জেলা হতে অন্য জেলায় স্থানান্তরিত হয়ে স্থায়ী বাড়ীসহ বসবাসকৃতদের সংশ্লিষ্ট উভয় এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে নাগরিকত্ব সনদ/স্থানান্তরিত হওয়ার সনদ আনতে হবে। ড। চাকুরিরত প্রার্থীগণের নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র আনতে হবে।

## ভর্তির জন্য প্রয়োজনীয় সনদপত্রসহ নির্ধারিত ভর্তি কেন্দ্রে সকাল ০৮০০ ঘটিকায় নিম্নবর্ণিত তারিখে উপস্থিত হউন ঃ

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ | জেলার নাম | জেলা ও শাখাভিত্তিক কোটা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শাখা | | | | | |
| | | | ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) (পুরুষ) | মেডিকেল (পুরুষ) | পেট্রোলম্যান/ রাইটার/স্টোর (পুরুষ) | কুক/স্টুয়ার্ড (পুরুষ) | এমওডিসি(নৌ) (পুরুষ) | টোপাস (পুরুষ) |
| | | | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/সমমান/ এসএসসি (ভোকেশনাল) | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/ সমমান | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/সমমান/এসএসসি (ভোকেশনাল) | | | শিক্ষাগত যোগ্যতা: ৮ম শ্রেণি |
| বানৌজা শেখ মুজিব খিলক্ষেত, ঢাকা | ২৯ সেপ্টেম্বর ২০২১ | নৌবাহিনীর কর্মরত/অবঃ/মৃত সামরিক/বেসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান | ৯ | ৩ | ৫ | ৩ | ১ | ১ |
| | | নৌ স্কাউট | ৫ | নাই | ৩ | নাই | নাই | নাই |
| | ০১ অক্টোবর ২০২১ | ঢাকা | ৫ | নাই | ১ | নাই | ১ | ১ |
| | | মানিকগঞ্জ | ২ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ০৩ অক্টোবর ২০২১ | গাজীপুর | ৪ | ১ | ১ | নাই | নাই | নাই |
| | | নরসিংদী | ৩ | ১ | ১ | নাই | নাই | ১ |
| | ০৫ অক্টোবর ২০২১ | মুন্সিগঞ্জ | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | নারায়ণগঞ্জ | ৩ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | ০৭ অক্টোবর ২০২১ | টাঙ্গাইল | ৫ | ১ | ১ | ১ | ১ | ১ |
| রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়াম, ময়মনসিংহ | ১১ অক্টোবর ২০২১ | ময়মনসিংহ (গ্রুপ-১) | ৮ | ১ | ১ | ২ | ১ | ১ |
| | ১২ অক্টোবর ২০২১ | ময়মনসিংহ (গ্রুপ-২) | | | | | | |
| | ১৪ অক্টোবর ২০২১ | নেত্রকোণা | ৫ | ১ | নাই | ১ | ১ | নাই |
| | | কিশোরগঞ্জ | ৫ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ১৬ অক্টোবর ২০২১ | জামালপুর | ৫ | ১ | নাই | ১ | নাই | ১ |
| | ১৮ অক্টোবর ২০২১ | শেরপুর | ৪ | নাই | ১ | ১ | নাই | নাই |
| রংপুর জেলা স্টেডিয়াম, রংপুর | ২৩ অক্টোবর ২০২১ | রংপুর | ৫ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | ২৪ অক্টোবর ২০২১ | কুড়িগ্রাম | ৩ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ২৬ অক্টোবর ২০২১ | দিনাজপুর | ৩ | নাই | ১ | ১ | ১ | নাই |
| | ২৭ অক্টোবর ২০২১ | ঠাকুরগাঁও | ৪ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ২৯ অক্টোবর ২০২১ | নীলফামারী | ৪ | ১ | ১ | নাই | নাই | নাই |
| | | লালমনিরহাট | ৩ | ১ | ১ | নাই | নাই | নাই |
| | ৩১ অক্টোবর ২০২১ | গাইবান্ধা | ৩ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | পঞ্চগড় | ২ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ০২ নভেম্বর ২০২১ | বগুড়া | ৪ | ১ | নাই | ২ | নাই | ১ |
| | ০৩ নভেম্বর ২০২১ | জয়পুরহাট | ৪ | নাই | নাই | ১ | নাই | নাই |
| বানৌজা শেখ মুজিব খিলক্ষেত, ঢাকা | ০৭ নভেম্বর ২০২১ | মহিলা নাবিক উপরোক্ত ২২টি জেলা | নাই | ৩ (মহিলা) | ৬ (মহিলা) | নাই | নাই | নাই |
| | ০৯ নভেম্বর ২০২১ | | উপরোক্ত ২২টি জেলার জেলা কোটার অবশিষ্ট শূন্যপদ (যদি থাকে) অপেক্ষমান প্রার্থী হতে পূরণ | | | | | |
| শেখ কামাল স্টেডিয়াম, গোপালগঞ্জ | ২৭ সেপ্টেম্বর ২০২১ | ফরিদপুর | ৪ | ১ | ১ | ২ | নাই | ১ |
| | ২৯ সেপ্টেম্বর ২০২১ | মাদারীপুর | ৪ | নাই | ১ | ২ | ১ | ১ |
| | ০১ অক্টোবর ২০২১ | গোপালগঞ্জ (গ্রুপ-১) | ১০ | ২ | ১ | ২ | ১ | ১ |
| | ০২ অক্টোবর ২০২১ | গোপালগঞ্জ (গ্রুপ-২) | | | | | | |
| | ০৪ অক্টোবর ২০২১ | রাজবাড়ী | ৪ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | শরীয়তপুর | ৩ | ১ | ১ | ১ | নাই | নাই |
| | ০৬ অক্টোবর ২০২১ | বরগুনা | ৩ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | বরিশাল | ৫ | ১ | ১ | নাই | নাই | ১ |
| | ০৮ অক্টোবর ২০২১ | ভোলা | ৩ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | ঝালকাঠি | ২ | নাই | ১ | নাই | নাই | নাই |

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ | জেলার নাম | জেলা ও শাখাভিত্তিক কোটা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শাখা | | | | | |
| | | | ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) (পুরুষ) | মেডিকেল (পুরুষ) | পেট্রোলম্যান/ রাইটার/স্টোর (পুরুষ) | কুক/স্টুয়ার্ড (পুরুষ) | এমওডিসি(নৌ) (পুরুষ) | টোপাস (পুরুষ) |
| | | | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/সমমান/ এসএসসি (ভোকেশনাল) | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/ সমমান | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/সমমান/এসএসসি (ভোকেশনাল) | | | শিক্ষাগত যোগ্যতা: ৮ম শ্রেণি |
| শেখ কামাল স্টেডিয়াম, গোপালগঞ্জ | ১০ অক্টোবর ২০২১ | পটুয়াখালী | ৩ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | পিরোজপুর | ৩ | নাই | ১ | নাই | নাই | ১ |
| রাজশাহী বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স, রাজশাহী | ১৪ অক্টোবর ২০২১ | চাঁপাইনবাবগঞ্জ | ৩ | নাই | ১ | ১ | ১ | নাই |
| | ১৬ অক্টোবর ২০২১ | নাটোর | ৩ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ১৮ অক্টোবর ২০২১ | পাবনা | ৫ | নাই | ১ | ১ | ১ | নাই |
| | ২০ অক্টোবর ২০২১ | রাজশাহী (গ্রুপ-১) | ৩ | ১ | ১ | ২ | নাই | ১ |
| | ২১ অক্টোবর ২০২১ | রাজশাহী (গ্রুপ-২) | | | | | | |
| | ২৩ অক্টোবর ২০২১ | সিরাজগঞ্জ | ৫ | নাই | ১ | ১ | ১ | নাই |
| | ২৫ অক্টোবর ২০২১ | নওগাঁ (গ্রুপ-১) | ৪ | ১ | ২ | নাই | নাই | ১ |
| | ২৬ অক্টোবর ২০২১ | নওগাঁ (গ্রুপ-২) | | | | | | |
| খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স, খুলনা | ৩০ অক্টোবর ২০২১ | খুলনা | ৫ | ১ | ১ | ১ | নাই | ১ |
| | | বাগেরহাট | ৪ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | সাতক্ষীরা | ৩ | ১ | ১ | ১ | নাই | নাই |
| | ০১ নভেম্বর ২০২১ | চুয়াডাঙ্গা | ৩ | নাই | ১ | নাই | নাই | ১ |
| | | ঝিনাইদহ | ৩ | ১ | ১ | ১ | নাই | নাই |
| | ০৩ নভেম্বর ২০২১ | যশোর | ৪ | ১ | ১ | ১ | ১ | নাই |
| | | নড়াইল | ৩ | ১ | নাই | ১ | নাই | নাই |
| | ০৫ নভেম্বর ২০২১ | কুষ্টিয়া | ৫ | নাই | ১ | ১ | ১ | নাই |
| | | মাগুরা | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | মেহেরপুর | ৩ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | ০৭ নভেম্বর ২০২১ | মহিলা নাবিক উপরোক্ত ২৭টি জেলা | নাই | ৩ (মহিলা) | ৬ (মহিলা) | নাই | নাই | নাই |
| | ০৯ নভেম্বর ২০২১ | | উপরোক্ত ২৭টি জেলার জেলা কোটার অবশিষ্ট শূন্যপদ (যদি থাকে) অপেক্ষমান প্রার্থী হতে পূরণ | | | | | |
| আবুল মাল আব্দুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স, সিলেট | ২১ অক্টোবর ২০২১ | সিলেট | ২ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | সুনামগঞ্জ | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | হবিগঞ্জ | ৩ | নাই | ১ | নাই | নাই | ১ |
| | ২৪ অক্টোবর ২০২১ | মৌলভীবাজার | ২ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | ব্রাহ্মণবাড়ীয়া | ৩ | ১ | ১ | নাই | ১ | নাই |
| নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগারপাস, চট্টগ্রাম | ২৮ অক্টোবর ২০২১ | কুমিল্লা | ৯ | ১ | ১ | ১ | নাই | ১ |
| | ৩০ অক্টোবর ২০২১ | চাঁদপুর | ৪ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | লক্ষ্মীপুর | ৪ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | ফেনী | ৩ | নাই | নাই | ১ | ১ | নাই |
| | ০১ নভেম্বর ২০২১ | নোয়াখালী | ৩ | ১ | ১ | ১ | নাই | নাই |
| | ০৩ নভেম্বর ২০২১ | চট্টগ্রাম | ১০ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | ০৫ নভেম্বর ২০২১ | খাগড়াছড়ি | ২ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | | রাঙ্গামাটি | ৩ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | | কক্সবাজার | ৫ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | বান্দরবান | ২ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | ০৭ নভেম্বর ২০২১ | মহিলা নাবিক উপরোক্ত ১৫টি জেলা | নাই | ২ (মহিলা) | ৫ (মহিলা) | নাই | নাই | নাই |
| | ০৯ নভেম্বর ২০২১ | | উপরোক্ত ১৫টি জেলার জেলা কোটার অবশিষ্ট শূন্যপদ (যদি থাকে) অপেক্ষমান প্রার্থী হতে পূরণ | | | | | |

### বিশেষ দ্রষ্টব্যঃ

- ⇨ জনসমাগম এড়ানোর লক্ষ্যে প্রার্থীদের কোনো অভিভাবকের ভর্তি কেন্দ্রে আগমন সম্পূর্ণ নিষিদ্ধ।
- ⇨ সকল প্রার্থীকে মাস্ক পরিহিত অবস্থায় ভর্তি কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য বলা হলো।
- ⇨ স্বাভাবিকের চেয়ে বেশী শারীরিক তাপমাত্রার কোনো প্রার্থীকে ভর্তি কেন্দ্রে ঢুকতে দেয়া হবে না।
- ⇨ প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শাখা নির্ধারিত হবে বিধায় আবেদনকৃত শাখাই চূড়ান্ত নয়।
- ⇨ কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় উল্লেখিত তারিখসমূহ পরিবর্তনশীল।

### হুঁশিয়ারি

- ★ কোন ব্যক্তি চাকুরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
- ★ নৌবাহিনীতে নাবিক ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে; বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।
- ★ প্রাথমিক নির্বাচন, লিখিত পরীক্ষা ও চূড়ান্ত নির্বাচন একই দিনে ভর্তি স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়; এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই।
- ★ যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতিত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
- ★ নিজ জেলা ব্যতিত অন্য জেলায় ভুয়া কাগজপত্র প্রদর্শনের মাধ্যমে ভর্তির প্রয়াস পরবর্তীতে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে চাকুরি হতে বহিষ্কার করা হয় এবং প্রয়োজনে শাস্তি প্রদান করা হয়।
- ★ প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌ ঘাঁটির নৌ পুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৮ অথবা ০১৭১১৮৯০০৫৪ এ অবহিত করুন।
- ★ যে কোন প্রকার সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- ★ চাকুরীতে যোগদানের পূর্বে কেউ বিবাহ বন্ধনে আবদ্ধ হলে/থাকলে পরবর্তীতে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা (চাকুরীচ্যুত) গ্রহণ করা হবে।

পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
ফোন ঃ ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫
হেল্প লাইন ঃ ০১৭৬৯৭০২২১৫ (সকাল ০৮০০ - রাত ০৮০০ ঘটিকা)
website : www.joinnavy.navy.mil.bd

**নৌবাহিনীতে যোগ দিন, দেশ সেবার সুযোগ নিন**

**আবেদনের শেষ তারিখ ২০ সেপ্টেম্বর ২০২১**